

## 26307 - গ্রন্থস্বত্ব এবং একাডেমিক রেফারেন্সসমূহের কিছু কিছু অংশের ফটোকপি করার হুকুম

### প্রশ্ন

গবেষণার উদ্দেশ্যে একাডেমিক রেফারেন্সসমূহের কিছু কিছু অংশের ফটোকপি করা কি হারাম? উল্লেখ্য, এই রেফারেন্সগুলোর উচ্চমূল্য এই ফটোকপি করার পেছনে কারণ? যদি ফটোকপি করার মাধ্যমে ইনকাম করা হয় সেটি কি হারাম?

### প্রিয় উত্তর

যে অভিমতটি অগ্রগণ্য প্রতীয়মান হয় তাহলো গ্রন্থস্বত্ব এর গ্রন্থকারদের জন্য সাব্যস্ত এবং তাদের মৃত্যুর পর তাদের ওয়ারিশদের জন্য সাব্যস্ত। ব্যবসায়ের জন্য না হয়ে ব্যক্তিগত ব্যবহারের জন্য ফটোকপি করা কিংবা হাত দিয়ে কপি করতে কোন আপত্তি নেই। যদি না গ্রন্থকার ব্যক্তিগত কপিকরণ থেকে স্পষ্টভাবে নিষেধ করে না দেন।

শাইখ বকর বিন আব্দুল্লাহ আবু যায়েদ বলেন:

নিশ্চয় এই যে প্যারাগুলো গ্রন্থায়নকে অন্যপক্ষের হস্তক্ষেপ থেকে রক্ষা করে, অনুপ্রবেশ থেকে হেফাযত করে, গ্রন্থকারের মর্যাদা নিশ্চিত করে, গ্রন্থায়নের মূল্য ও এর পেছনের পরিশ্রমকে হেফাযত করে— এটি ইসলামে অনিবার্যভাবে অবহিত বিষয়। শরিয়তের দলিলপ্রমাণ, সূত্রাবলী ও নীতিমালা এর সপক্ষে প্রমাণ বহন করে। এ বিষয়গুলো আপনি آداب المؤلفين (গ্রন্থকারদের শিষ্টাচার) ও كتاب الاصطلاح (ইস্তিলাহের কিতাবসমূহ)-এ পাবেন।[ফিকহুন নাওয়াযিল (২/৬৫)]

ইসলামী ফিকাহ একাডেমীর ‘অবস্তুগত অধিকার’ বিষয়ে অনুষ্ঠিত সেমিনারে নিম্নোক্ত সিদ্ধান্ত হয়:

এক: বাণিজ্যিক নাম, বাণিজ্যিক শিরোনাম, ট্রেডমার্ক, গ্রন্থায়ন, উদ্ভাবন কিংবা আবিষ্কার: এগুলো এর মালিকদের ব্যক্তিগত স্বত্ব। সমকালীন প্রথায় এর ধর্তব্য আর্থিক মূল্য রয়েছে; যার পেছনে মানুষ বিনিয়োগ করতে পারে। শরিয়তে এ স্বত্বগুলো ধর্তব্য। তাই এ স্বত্বগুলো লঙ্ঘন করা নাজায়েয।

দুই: বাণিজ্যিক নাম, বাণিজ্যিক শিরোনাম বা ট্রেডমার্ক বেচাকেনা করা এবং অর্থের বিনিময়ে এর কোনটিকে হস্তান্তর করা জায়েয; যদি এতে ধোঁকাবাজি, প্রতারণা ও জালিয়াতি না থাকে; এ বিবেচনা থেকে যে এটি আর্থিক অধিকারে পরিণত হয়েছে।

তিন: গ্রন্থায়ন, উদ্ভাবন ও আবিষ্কারের স্বত্বগুলো শরিয়তে সংরক্ষিত। এগুলোর স্বত্বাধিকারীগণের লেনদেন করার অধিকার রয়েছে এবং এগুলো ভঙ্গ করা নাজায়েয।[একাডেমীর "ম্যাগাজিন" সংখ্যা-৫, খণ্ড-৩ পৃষ্ঠা-২২৬৭ থেকে সমাপ্ত]

গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি বলেন:

উপকারী ক্যাসেট রেকর্ড করে সেগুলো বিক্রি করতে এবং কিতাবপুস্তক ফটোকপি করে সেগুলো বিক্রি করতে কোন বাধা নেই।  
যেহেতু এর মধ্যে ইলম প্রচারে সহযোগিতা করা রয়েছে। তবে যদি এগুলোর স্বত্বাধিকারীগণ এতে বাধা দেন তাহলে অবশ্যই তাদের  
অনুমতি নিতে হবে।

[ফাতাওয়াল লাজনাদ দায়িমা (১৩/১৮৭)]

আরও জানতে দেখুন: [454](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহই সর্বজ্ঞ।